

জয়ন্তজয় চট্টোপাধ্যায়

জুড়িগাড়ি

জুড়িগাড়ি

আমার বিকেল

গ্যাসের বাতির মতো ম্লান হয়ে আসে

অন্ধকার

লনের সবুজ ত্বক মুছে যায়

আমি কি কখনো

আঁকিনি তোমার মুখ, ছুটিদিন, ড্রয়িং খাতায় ক

যে আমাকে ঠিক পড়ে, যে আমার লেখার আগুন...

তাকে অই আবহমানের

বোবা শব্দগুলি বোলো, আহত ঘোড়ার কথা

বনভূমি, ফাঁকা সিঁড়ি... গুঢ় অভিমান

পথের বাঁকের ধারে ক্ষয়ে যাবো তবু

আমাদের

অফুরন্ত গানগুলি তোমার চাকায়...

শক্তি চট্টোপাধ্যায় স্মরণে ...

কবি কতটুকু পারে, কবি জানে,
জানে তাই দ্বিধা ফেলে ছুটে যায়,
নদীর উজানে আঁকে জলছবি।
টিলার আড়ালে তাকে ডাকে চাঁদ,
নির্জনে, বনে, ঝড়ে, অগোচরে,
আদিম সবুজ তাকে ঘিরে থাকে।

কবি চলে গেলে মূঢ় কোলাহলে
কবির করোটি নিয়ে কত শোক ক
সংঘ কাঁদে যথোচিত বিধিমতো,

ভুলে যায়, ভুলে যাবে, কবি জানে।